

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৭৩৮

৪৬/ রাসূলুল্লাহ ্রুভ্রি ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴿ كَتَابُ الْمِنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴿ كَتَابُ الْمِنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴿ كَتَابُ الْمُنَاقِبِ عَن رَسُولُ اللهِ ﴾ পরিচ্ছেদঃ ২২. ত্বালহা ইবনু উবাইদুল্লাহ (রাযিঃ)-এর মর্যাদা

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدِ الأَشَجُّ، حَدَّثَنَا يُونُسُ بْنُ بُكَيْرٍ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ يَحْيَى بْنِ عَبَّدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ، عَنِ الزُّبَيْرِ، قَالَ كَانَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَى الله عليه وسلم يَوْمَ أُحُد دِرْعَانِ فَنَهَضَ إِلَى صَخْرَةٍ فَلَمْ يَسْتَطِعْ عَلَى رَسُولِ اللَّهِ صَلَى الله عليه وسلم يَوْمَ أُحُد دِرْعَانِ فَنَهَضَ إِلَى صَخْرَةٍ فَلَمْ يَسْتَطِعْ فَأَقْعَدَ تَحْتَهُ طَلْحَة فَصَعِدَ النَّبِيُّ صلى الله عليه وسلم حَتَّى اسْتَوَى عَلَى الصَّخْرَةِ فَقَالَ سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ " أَوْجَبَ طَلْحَة ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ صَحَيحٌ غَرِيبٌ .

বাংলা

৩৭৩৮। যুবাইর ইবনুল আওওয়াম (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- উহুদের যুদ্ধের দিন দুটি লৌহবর্ম পরা ছিলেন। (যুদ্ধে আহত হওয়ার পর) তিনি একটি পাথরের উপর উঠতে চেষ্টা করেন, কিন্তু তিনি (উঠতে) পারলেন না। তিনি তালহা (রাযিঃ)-কে তার নীচে বসিয়ে তার কাঁধে চড়ে পাথরের উপর উঠে অবস্থান করেন। বর্ণনাকারী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আমি বলতে শুনেছিঃ তালহা (তার জন্য জান্নাত) অনিবার্য করে নিয়েছে।

হাসানঃ ১৬৯২ নং হাদীস পূর্বে বর্ণিত হয়েছে।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ গারীব।

English

Narrated 'Abdullah bin Az-Zubair:

that Az-Zubair said: "On the Day of (the battle of) Uhud, the Messenger of Allah (ﷺ) wore two coats of mail. He tried to get up on a boulder, but was not able to, so Talhah squatted under him, lifting the Prophet (ﷺ) upon it, such that he could sit on the boulder. So he said: 'It (Paradise) is obligatory



for Talhah.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ যুবাইর ইবনু 'আওয়াম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন